

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১৪০.২৫.০০৩.১৯-০৫০

তারিখ: ২৬ জানুয়ারি, ২০২১ খ্রি.
১২ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

অফিস আদেশ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মবন্টন অনুযায়ী এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ সকল ধরনের প্রশিক্ষণ, সভা, সেমিনার ইত্যাদিতে মনোনয়ন সংক্রান্ত কার্যাবলী প্রশাসন-১ শাখার আওতাভুক্ত হলেও প্রায়শ লক্ষ্য করা যাচ্ছে যে, কর্মবন্টন অনুযায়ী বর্ণিত কার্যাবলী সম্পাদন না করে এ বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা হতে সরাসরি এসব বিষয়ে মনোনয়ন প্রদান করা হচ্ছে। ফলে একদিকে যেমন কর্মবন্টন অনুযায়ী কার্য সম্পাদন বিঘ্নিত হচ্ছে অপরদিকে তেমনি সমন্বয়হীনতা পরিলক্ষিত হচ্ছে।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে কর্মবন্টন অনুযায়ী কার্য সম্পাদনের লক্ষ্যে এ বিভাগের অভ্যন্তরীণ সকল ধরনের প্রশিক্ষণ, সভা, সেমিনার ইত্যাদিতে কর্মকর্তা/কর্মচারীদের নাম মনোনয়ন সংক্রান্ত কার্যাবলী প্রশাসন-১ শাখার পরিবর্তে অন্য কোন শাখা হতে সম্পাদন না করার জন্য নির্দেশনা প্রদান করা হল।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা :


(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.২৫.০০৩.১৯-০৫০/০(৬০)

তারিখ: ২৬ জানুয়ারি, ২০২১ খ্রি.
১২ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন)-মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্মসচিব (প্রশাসন)-মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


২৬.০১.২০২১
(জাকিয়া পারভীন)
উপসচিব